



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-৬১৭৭

তারিখঃ ১৪/১০/২০১৫ খ্রিস্টাব্দ।


পরিপত্র

বিষয়ঃ আদায়কৃত সেবামূল্য হতে প্রকল্পের এআরডিও, হিসাব সহকারী ও মাঠ সংগঠকদের কমিশন প্রদান।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের অনুমোদিত বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.২১ এর নির্দেশনা অনুযায়ী বিতরণকৃত ঋণের আদায়কৃত সেবামূল্যের ১/২২ অংশ (২২ ভাগের ১ ভাগ) হতে অনুচ্ছেদঃ ৫.১৯ এর বিভাজন অনুযায়ী এআরডিও, হিসাব সহকারী ও মাঠ সংগঠকদের নিম্নোক্ত শর্ত সাপেক্ষে কমিশন প্রদানের নির্দেশনা প্রদান করা হলো।

শর্তসমূহঃ

- ১) অর্থ বছর শেষে পূর্ববর্তী বছরে কর্মকালীন সময়ের আদায়কৃত সেবামূল্য হতে কমিশন প্রদান করা যাবে;
- ২) বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১৯ এর বিভাজন অনুযায়ী কমিশন প্রদান করতে হবে এবং এ সংক্রান্ত সকল নীতিমালা অনুসরণ করতে হবে;
- ৩) উপজেলায় কর্মকর্তা-কর্মচারীর শূণ্য পদের বিপরীতে যিনি দায়িত্ব পালন করবেন তিনি দায়িত্ব পালনকারী পদে কর্মকালীন সময়ের আদায়কৃত সেবামূল্য হতে কমিশন প্রাপ্য হবেন;
- ৪) উপজেলায় কোন সমিতির ঋণ মেয়াদোত্তীর্ণ হলে উক্ত সমিতির আদায়কৃত সেবামূল্য হতে কোন কর্মকর্তা-কর্মচারীকে কমিশন প্রদান করা যাবে না;
- ৫) কোন কর্মকর্তা-কর্মচারী বদলী হলেও বিধি মোতাবেক তিনি তার পূর্ববর্তী কর্মস্থলে কর্মকালীন সময়ে আদায়কৃত সেবামূল্য হতে কমিশন প্রাপ্য হবেন;
- ৬) ২০১৪-১৫ অর্থ বছর হতে আদায়কৃত সেবামূল্যের উপর কমিশন প্রদান করা যাবে। ২০১৪-১৫ অর্থ বছরের পূর্বের আদায়কৃত সেবামূল্য হতে কমিশন প্রদান করা যাবে না।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

বিতরণঃ

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। হিসাব সহকারী/মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৮। অফিস কপি।